

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
সাঁথিয়া, পাবনা।

তারিখ : ০৬/০৪/২০২০ খ্রি.

স্মারক নং : ১২.১৮.৭৬৭২.০৩৯.১৬.০৩৯.২০. ৩২৭


বরাবর,  
মেয়র/চেয়ারম্যান (সকল) ..... পৌরসভা/ ইউনিয়ন পরিষদ,  
সাঁথিয়া, পাবনা।

বিষয় : খরিপ-১/২০২০-২১ মৌসুমের কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ (২য় পর্যায়) প্রসঙ্গে।

সূত্র: উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামাবাড়ি, পাবনা মহোদয়ের স্মারক নং-১২.১৭.৭৬০০.০৪১.১৬.০২৭.২০-৭২৪; তারিখ- ০৪/০৪/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৮/০৪/২০২০ হতে ১০/০৪/২০২০ খ্রি. পর্যন্ত ইউনিয়ন কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক প্রস্তুতকৃত তালিকা মোতাবেক ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হবে।

এমতাবস্থায় উপরিলিখিত তারিখে তালিকা মোতাবেক বীজ ও রাসায়নিক সার বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

  
(সঞ্জীব কুমার গোস্বামী)  
উপজেলা কৃষি অফিসার  
ও  
সদস্য সচিব  
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি  
সাঁথিয়া, পাবনা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো :

- ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, পাবনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, সাঁথিয়া, পাবনা।
- ৩। অফিসার ইনচার্জ, সাঁথিয়া থানা, সাঁথিয়া, পাবনা। আপনাকে কৃষি পুনর্বাসন কার্যক্রমে আইনশৃঙ্খলা রক্ষায় সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো।
- ৪। এসএপিপিও/এসএএও (সকল)....., সাঁথিয়া, পাবনা।
- ৫। অফিস নথি, অত্র দপ্তর।